

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১৮. (ক) বিবাহের পর নবদম্পতির জন্য দো'আ ও (খ) বিবাহের পর স্ত্রীর জন্য স্বামীর দো'আ

(ক) বিবাহের পর নবদম্পতির জন্য দো'আ:

بَارَكَ اللهُ لَكُمَا وَبَارَكَ عَلَيْكُمَا وَجَمَعَ بَيْنَكُمَا فِيْ خَيْرِ

বা-রাকাল্লা-হু লাকুমা ওয়া বা-রাকা 'আলাইকুমা ওয়া জামা'আ বায়নাকুমা ফী খায়রিন। (এই বিবাহে আল্লাহ তোমাদের জন্য বরকত দান করুন ও তোমাদের উপর বরকত দান করুন এবং তোমাদের উভয়কে কল্যাণের সাথে একত্রিত করুন)। [120] অথবা বলবে, اللهُ يَارِكُ لَهُمْ عَارِكُ لَهُمْ عَارِكُ اللهُ لَكُ مَا اللهُ لَكُ وَاللهُ لَكُ مَا اللهُ لَكَ اللهُ لَكُ اللهُ لَكَ اللهُ لَكَ اللهُ لَكُ اللهُ لَكَ اللهُ لَكُ اللهُ لَكُ اللهُ لَكُ اللهُ لَكُ اللهُ لَكَ اللهُ لَكُ اللهُ لَكُ

উল্লেখ্য যে, ব্যক্তিগত ভাবে প্রত্যেকে নবদম্পতির উদ্দেশ্যে উক্ত দো'আ পড়বেন। এ সময় দু'হাত তুলে সম্মিলিত ভাবে মুনাজাত করার প্রথাটি ভিত্তিহীন এবং এসময় বরের দু'রাক'আত ছালাত আদায় করার প্রথাটিও প্রমাণহীন। (খ) বিবাহের পর স্ত্রীর জন্য স্থামীর দো'আ :

ٱللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا جَبَلْتَهَا عَلَيْهِ وَأَعُوْذُ بِكَ مِنْ شَرَّهَا وَشَرّ مَا جَبَلْتَهَا عَلَيْهِ

উচ্চারণ : আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা খায়রাহা ওয়া খায়রা মা জাবালতাহা 'আলাইহি, ওয়া আ'ঊযুবিকা মিন শাররিহা ওয়া শাররি মা জাবালতাহা 'আলাইহি।

অনুবাদ : 'হে আল্লাহ! আমি তোমার নিকট তার মঙ্গল চাই এবং তার সেই কল্যাণময় স্বভাব প্রার্থনা করি, যার উপর তুমি তাকে সৃষ্টি করেছ। আর আমি তোমার নিকট আশ্রয় চাই তার অনিষ্ট হ'তে এবং সেই মন্দ স্বভাবের অনিষ্ট হ'তে, যা দিয়ে তুমি তাকে সৃষ্টি করেছ'। এই সময় স্ত্রীর কপালের চুল ধরে স্বামী উক্ত বরকতের দো'আটি করবে। [122] এর মধ্যে স্বামী-স্ত্রী পরস্পরের প্রতি ক্ষমাশীল ও দয়াশীল হয়ে দাম্পত্য জীবন যাপন করার ইঙ্গিত রয়েছে।

ফুটনোট

[120] . ইবনু মাজাহ হা/১৯০৫; আহমাদ, তিরমিযী, আবুদাঊদ, মিশকাত হা/২৪৪৫, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'বিভিন্ন সময়ের দো'আ সমূহ' অনুচ্ছেদ-৭ ।

[121] . ইবনু মাজাহ হা/১৯০৬-০৭।



[122] . আবুদাউদ, ইবনু মাজাহ, মিশকাত হা/২৪৪৬, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৭; মিরকাত ৫/২১৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9277

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন